



জুলাই ৩১, ২০১৯

- সকল বিভাগীয় প্রধান (প্রধান কার্যালয়)  
সকল প্রকল্প পরিচালক/বিভাগীয় প্রধান (উন্নয়ন)  
সকল জোন/সার্ভিস সেন্টার/এফপিআর সেন্টার/পূর্ণাঙ্গ সার্ভিস সেন্টার প্রধান  
সকল সাংগঠনিক অফিস প্রধান (একক বীমা ও প্রকল্প/ডিভিশন)  
সকল ডেস্ক কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।  
সকল উন্নয়ন কর্মকর্তা/কর্মী।

## অফিস প্রজ্ঞাপন নং : ৭৯-২০১৯

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে ডেঙ্গু জ্বর সারাদেশে মহামারী আকার ধারণ করেছে। ডেঙ্গু জ্বর এডিস মশা বাহিত একটি রোগ। শুধুমাত্র একটু সচেতনতা আপনাকে এ জ্বরে আক্রান্ত হওয়া থেকে রক্ষা করতে পারে।

এডিশ মশা বংশ বিস্তার করে জমে থাকা পরিষ্কার পানিতে, সাধারণত বৃষ্টির পানি, পুরোনো টায়ার, ফুলের টবে, এসির জমে থাকা পানিতে, নির্মনাধীন বিল্ডিং ও বিভিন্ন গর্ত ইত্যাদিতে, দুই-তিন দিন পানি জমে থাকলে এডিস মশার বিস্তার ঘটে। সে কারণে বৃষ্টির পানি বা অন্য কোন পানি যেন কোথাও জমে না থাকে সেদিকে সবার সজাগ দৃষ্টি রাখতে হবে।

যারা ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়েছে বা যাদের শরীরে এই ভাইরাস রয়ে গেছে তারা বর্তমান স্থান থেকে নিজ নিজ এলাকায় গেলে, পরে মশার মাধ্যমে অন্য কেউ এই রোগে আক্রান্ত হতে পারে।

এডিস মশা সাধারণত সকালে ও সন্ধ্যার আগে আগে কামড়ায় এবং এ মশা সাধারণত পায়ের দিকে কামড়ায়। সে কারণে পা ঢেকে রাখতে হবে, ঘুমানোর সময় মশারি টাঙ্গিয়ে ঘুমাতে হবে।

সবার নিজ নিজ ঘরবাড়ি, কাপড় চোপড় যেগুলো আলনায় ঝুলানো থাকে সেগুলো পরিষ্কার রাখতে হবে। ঘরের সকল কোনা, সবকিছু পরিষ্কার রাখতে হবে। মশা যেন ডিম পাড়তে না পারে, মশার লার্ভা যেন তৈরী না হয়, বংশ বিস্তার করতে না পারে সেজন্য সবাইকে সচেতন থাকতে হবে।

বীমা নিয়ন্ত্রণ ও উন্নয়ন কর্তৃপক্ষ গত ৩০-০৭-২০১৯ তারিখে তাদের সচেতনতা মূলক ই-মেইলের মাধ্যমে সকল বীমাকারীর সিইওগণকে নিম্নলিখিত নির্দেশনা প্রদান করেছেন,

“নিজ নিজ কার্যালয় এবং অধীনস্থ শাখা কার্যালয়ে রক্ষিত কোন ফুলের টব, পরিত্যক্ত পানির বোতল, পুরাতন টায়ার অর্থাৎ যেখানে পরিষ্কার পানি জমে থাকে তা অবিলম্বে এবং জরুরি ভিত্তিতে অপসারণের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।”

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনার আলোকে আমাদের সকল অফিসে অনতিবিলম্বে পরিষ্কার কার্যক্রম চালাতে হবে। ডেঙ্গু প্রতিরোধ করণ, নিজে সুস্থ ও নিরাপদ থাকুন এবং অন্যকে সুস্থ থাকতে সচেতনতা গড়ে তুলুন।

  
নিজাম উদ্দিন আহমাদ

মুখ্য নির্বাহী কর্মকর্তা (চলতি দায়িত্ব)

অনুলিপি :

১. চীফ কনসালটেন্ট টু দি বোর্ড, অবগতির জন্য।
২. এসইজিপি ও ইনচার্জ, প্রশাসন বিভাগ।
৩. মাস্টার ফাইল।
৪. অফিস কপি।

আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন



জুলাই ৩১, ২০১৯

সকল বিভাগীয় প্রধান (প্রধান কার্যালয়)  
সকল প্রকল্প পরিচালক/বিভাগীয় প্রধান (উন্নয়ন)  
সকল জ্ঞান/সার্ভিস সেন্টার/এফপিআর সেন্টার/পূর্ণাঙ্গ সার্ভিস সেন্টার প্রধান  
সকল সাংগঠনিক অফিস প্রধান (একক বীমা ও প্রকল্প/ডিভিশন)  
সকল ডেস্ক কর্মকর্তা/কর্মচারীবৃন্দ।  
সকল উন্নয়ন কর্মকর্তা/কর্মী।

## অফিস প্রজ্ঞাপন নং : ৭৯-২০১৯

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমানে ডেঙ্গু জ্বর সারাদেশে মহামারী আকার ধারণ করেছে। ডেঙ্গু জ্বর এডিস মশা বাহিত একটি রোগ। শুধুমাত্র একটু সচেতনতা আপনাকে এ জ্বরে আক্রান্ত হওয়া থেকে রক্ষা করতে পারে।

এডিস মশা বংশ বিস্তার করে জমে থাকা পরিষ্কার পানিতে, সাধারণত বৃষ্টির পানি, পুরোনো টায়ার, ফুলের টবে, এসির জমে থাকা পানিতে, নির্মাণাধীন বিল্ডিং ও বিভিন্ন গর্ত ইত্যাদিতে, দুই-তিন দিন পানি জমে থাকলে এডিস মশার বিস্তার ঘটে। সে কারণে বৃষ্টির পানি বা অন্য কোন পানি যেন কোথাও জমে না থাকে সেদিকে সবার সজাগ দৃষ্টি রাখতে হবে।

যারা ডেঙ্গু জ্বরে আক্রান্ত হয়েছে বা যাদের শরীরে এই ভাইরাস রয়ে গেছে তারা বর্তমান স্থান থেকে নিজ নিজ এলাকায় গেলে, পরে মশার মাধ্যমে অন্য কেউ এই রোগে আক্রান্ত হতে পারে।

এডিস মশা সাধারণত সকালে ও সন্ধ্যার আগে আগে কামড়ায় এবং এ মশা সাধারণত পায়ের দিকে কামড়ায়। সে কারণে পা ঢেকে রাখতে হবে, ঘুমানোর সময় মশারি টাঙ্গিয়ে ঘুমাতে হবে।

সবার নিজ নিজ ঘরবাড়ি, কাপড় চোপড় যেগুলো আলনায় ঝুলানো থাকে সেগুলো পরিষ্কার রাখতে হবে। ঘরের সকল কোনা, সবকিছু পরিষ্কার রাখতে হবে। মশা যেন ডিম পাড়তে না পারে, মশার লার্ভা যেন তৈরী না হয়, বংশ বিস্তার করতে না পারে সেজন্য সবাইকে সচেতন থাকতে হবে।

বীমা নিয়ন্ত্রণ ও উন্নয়ন কর্তৃপক্ষ গত ৩০-০৭-২০১৯ তারিখে তাদের সচেতনতা মূলক ই-মেইলের মাধ্যমে সকল বীমাকারীর সিইওগণকে নিম্নলিখিত নির্দেশনা প্রদান করেছেন,

“নিজ নিজ কার্যালয় এবং অধীনস্থ শাখা কার্যালয়ে রক্ষিত কোন ফুলের টব, পরিত্যক্ত পানির বোতল, পুরাতন টায়ার অর্থাৎ যেখানে পরিষ্কার পানি জমে থাকে তা অবিলম্বে এবং জরুরি ভিত্তিতে অপসারণের জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।”

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনার আলোকে আমাদের সকল অফিসে অনতিবিলম্বে পরিষ্কার কার্যক্রম চালাতে হবে। ডেঙ্গু প্রতিরোধ করণ, নিজে সুস্থ ও নিরাপদ থাকুন এবং অন্যকে সুস্থ থাকতে সচেতনতা গড়ে তুলুন।

  
নিজাম উদ্দিন আহমাদ

মুখ্য নির্বাহী কর্মকর্তা (চলতি দায়িত্ব)

## আর্থিক নিরাপত্তার সেতুবন্ধন

প্রধান কার্যালয় : রাজ ভবন (৭ম তলা), ২৯, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০, ফোন : ৪১১২৪৮৮, ৯৫৫৪৫৩৮, ৯৫৭৬৪০৪, ফ্যাক্স : ৮৮-০২-৯৫৬৪৩৯০

ই-মেইল : pilil@primelifebd.com, pililbd@gmail.com, web : www.primelamilifebd.com